গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯৩.১৯.৯৪

তারিখ: ৩ আষাঢ় ১৪২৬
১৭ জুন ২০১৯

বিষয়: **রিট পিটিশন নং-১৯৫/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১১.০৩.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: সাইফুল ইসলাম, পিতা: মো: আবদুল জলিল সরকার, মাতা: মৃত মোছা: ফাতেমা বেগম, গ্রাম: রাজমল্লি, ঘুমারু ভীমশিতলা, ইউনিয়ন: উমর মজিদ, পোস্ট:ফরকার হাট-৫৬০১, থানা: রাজার হাট, জেলা: কুড়িগ্রাম এবং সুপারিনটেনডেন্ট, আমীন উদ্দিন আহমেদ দ্বী-মূখী দাখিল মাদরাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৯৫/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, পূর্বোক্ত আমীন উদ্দিন আহমেদ দ্বী-মূখী দাখিল মাদরাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর সুপার জনাব মো: সাইফুল ইসলাম-কে সাময়িক বরখাস্ত করা হয়। তাকে (জনাব মো: সাইফুল ইসলাম) বরখাস্তের আদেশটি যথাযথ হয়নি মর্মে উল্লেখ করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং-বামাশিবো/ প্রশাসন/কুড়িগ্রাম-১৭৬/৭৮৪/৪, তারিখ: ১১.১০.২০১৭ খ্রি: মূলে সাময়িক বরখাস্তকৃত সুপার (জনাব মো: সাইফুল ইসলাম)-কে পুনর্বহালের নির্দেশ দিয়ে পত্র প্রেরণ করা হয়। কিন্তু তাকে পনর্বহাল না করার প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং-বামাশিবো/ প্রশাসন/কুড়িগ্রাম-১৭৬/৭৮৪/৪, তারিখ: ১১.১০.২০১৭ খ্রি: এর আদেশ বাস্তবায়নের দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৯৫/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, চেয়ারম্যান,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ১০ (দশ) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৪. উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১১.০৩.২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ নির্দেশ দেয়া হয়েছে:
"pending hearing of the Rule, respondent Nos. 2 and 3 are directed to take necessary legal steps necessary against the Madrasha coccerned in order to implement its order dated 11.10.2017 (Annexure-J), in accordance with law, within a period of 15 (fifteen) days from receipt of the copy of this order."

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারীর প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সকল বিষয়ে তথ্য প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৯৫/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-৬-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯৩.১৯.৯৪/১(৭)

তারিখ: ৩ আষাঢ় ১৪২৬
১৭ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৭) অফিস কপি, মাস্টার কপি

১৭-৬-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)